তারিখ 14 NOV 2016
পৃষ্ঠা ১১ কলাম ৪

সংবাদ

# রাবির হলে ওয়াইফাইসহ খাবারের মান বৃদ্ধির দাবি

**প্রতিনিধি, রাজশাহী বিশ্ববিদ্যালয়**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলে ওয়াইফাই সংযোগ ও খাবারের মান বৃদ্ধিসহ ২২ দফা দাবিতে বিক্ষোভ করেছে আবাসিক শিক্ষার্থীরা। গত শনিবার বেলা ১০টা থেকে ১২টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে এ বিক্ষোভ করা হয়।

শিক্ষার্থীরা হল প্রাধ্যক্ষের কক্ষের সামনে বিভিন্ন স্লোগান দিয়ে বিক্ষোভ করতে থাকে। পরে প্রাধ্যক্ষ এসে এক সপ্তাহের মধ্যে দাবিগুলো সমাধানের আশ্বাস দিলে শিক্ষার্থীরা শান্ত হয়।

এ সময় শিক্ষার্থীরা অভিযোগ করে বলেন, আমাদের হলে দীর্ঘদিন ধরে ওয়াইফাই সংযোগ নেই, ডাইনিংয়ে খাবারের মান নিম্নমানের হওয়া সত্ত্বেও হল প্রশাসন কোনো ব্যবস্থা নেয়নি। এতো বড় একটা হলে একটি মাত্র টিউবয়েল। সেটি নষ্ট হলে আমাদের দুর্ভোগে পড়তে হয়। হলের গ্রন্থাগার আছে, কিন্তু সেটা নিয়মিত আমরা খোলা পাই না। তাহলে এ গ্রন্থাগার থেকে আমাদের লাভ কি? আমরা বার বার বিষয়গুলো হল প্রাধ্যক্ষকে অভিযোগ দিলেও তিনি আমলে নেননি। এটা আমাদের হতাশ করেছে। এজন্য আমরা আজ দাবি আদায়ে সবাই একত্রিত হয়েছি। এক সপ্তাহের মধ্যে দাবিগুলো সমাধান করা না হলে, আমরা কঠোর আন্দোলনে যাব।

শিক্ষার্থীদের অন্য দাবিগুলো হলো, টয়লেট-বাথরুম নিয়মিত পরিস্কার ও সংস্কার, টিউবয়েলের সংখ্যা বৃদ্ধি, প্রশংসাপত্রের অতিরিক্ত ফি কমানো, হলের নেট কক্ষ ও মসজিদের মাইক সংস্কার, কর্মকর্তা-কর্মচারীদের ব্যবহার মার্জিত করা, গ্রন্থাগার ও লন্ড্রির দোকান নিয়মিত খোলা রাখা, খেলাধুলার কক্ষে সরঞ্জাম বৃদ্ধি ও রাত ১২টা পর্যন্ত খোলা রাখা, পর্যাপ্ত ডাস্টবিনের ব্যবস্থা করা, সাংস্কৃতিক অনুষ্ঠানে আয়োজন, নিয়মিত মশা নিধন করা, আবাসিক শিক্ষকদের নিয়মিত অবস্থান করতে হবে, অ্যাকাডেমিক কার্যক্রমে গতি আনতে হবে, হলের সিদ্ধান্ত গ্রহণে শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করাসহ ২২ দফা দাবি তুলে ধরেন। এসময় ৫৩ জন আবাসিক শিক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত একটি আবেদনপত্র হলের প্রাধ্যক্ষ অফিসে জমা দেয়া হয়।

এ বিষয়ে হল প্রাধ্যক্ষ ড. মোহা. আশরাফ উজ জামান দাবি পূরণের আশ্বাস দিয়ে বলেন, 'আমি শিক্ষার্থীদের সঙ্গে বসে কথা বলেছি। তারা আমাকে লিখিত অভিযোগ দিলে আমি যৌক্তিক দাবিগুলো অতি দ্রুত পূরণের চেষ্টা করবো। আর, হলে সেবা বৃদ্ধিতে আমি সবার সঙ্গে বসে পদক্ষেপ নেয়া হবে।'